

Akashbani Kolkata
Regional News Unit

Date: 10.10.2026

Time: 1.30 PM

Announcement - আকাশবাণী/খবর পড়ছি

বিশেষ বিশেষ খবরঃ

১) দিল্লীর যন্তরমন্তরে সিজেপির আজকের প্রস্তাবিত বিক্ষোভ কর্মসূচীতে মেলেনি পুলিশি অনুমোদন।

বিজেপির অভিযোগ, বিদেশী শক্তির মদতে বিরোধী দলগুলি দেশকে অশান্ত করতে চাইছে।

২) পরমাণু হামলার ভয় দেখিয়ে ভারতকে দমিয়ে রাখা যাবেনা বলে পাকিস্তানকে সতর্ক করেছে নতুন দিল্লী

৩) আজ মহালয়া। বিভিন্ন নদ-নদী ও জলাশয়ের পিতৃপুরুষদের উদ্দেশে চলেছে তর্পণ।

৪) মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়ায় উত্পাদিত ডিজেল আমদানির ওপর সাময়িকভাবে নিষেধাজ্ঞা তুলে নিয়েছে।

৫) পুরুষদের ক্রিকেটে, পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের তৃতীয় ম্যাচে আগামীকাল ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে ভারত।

নিয়ম না মানা এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগের কারণে, আজ জাতীয় রাজধানীর যন্তর মন্তরে CJP-র প্রস্তাবিত বিক্ষোভ কর্মসূচির অনুমতি দিল্লি পুলিশ বাতিল করেছে। সাংবাদিকদের দিল্লি পুলিশের যুগ্ম কমিশনার নুপুর প্রসাদ জানান, যন্তর মন্তরে বিক্ষোভ বা অন্যান্য কর্মসূচি আয়োজনের অনুমতির আবেদন অন্তত ১০ দিন আগে জমা দিতে হয়।

(বাইট – নুপুর প্রসাদ)

তিনি আরও বলেন, জননিরাপত্তা ও আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় বিধিনিষেধ আরোপ করে ওই এলাকায় বর্তমানে ‘ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা’-র ১৬৩ ধারার অধীনে নিষেধাজ্ঞা জারি রয়েছে। এদিকে, নিরাপত্তার কারণে আজ সন্ধ্যা ৬টা পর্যন্ত ৪৫টি মেট্রো স্টেশনের প্রবেশ ও প্রস্থান পথ বন্ধ। এই স্টেশনগুলি হল জনপথ, প্যাটেল চক, সেন্ট্রাল সেক্রেটারিয়েট, লোক কল্যাণ মার্গ, রাজীব চক, নয়াদিল্লি, সেবা তীর্থ এবং মান্ডি হাউস। এছাড়া, জাতীয় রাজধানীর বিভিন্ন অঞ্চলে যান চলাচলের পথ পরিবর্তনের বিষয়ে দিল্লি ট্রাফিক পুলিশ একটি নির্দেশিকাও জারি করেছে।

বিজেপির জাতীয় সভাপতি নীতীন নবীন অভিযোগ করেছেন, বিদেশী শক্তির মদতে বিরোধী দলগুলি দেশে অস্থির অবস্থা তৈরি করতে চাইছে। নতুন দিল্লিতে সাংবাদিকদের তিনি বলেন, ভারতের গণতন্ত্র যথেষ্ট শক্তিশালী, দেশের মানুষ এধরণের অপপ্রয়াসকে আটকাতে ঐক্যবদ্ধ হয়েছেন।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ রাজস্থানের যোধপুর বিমানবাহিনীর ঘাঁটিতে 'তরঙ্গ শক্তি ২০২৬'-এ যোগ দেন। ২৬ সেপ্টেম্বর থেকে ১২ অক্টোবর পর্যন্ত চলা এই বিমান মহড়ার উদ্দেশ্য হলো অংশগ্রহণকারী মিত্র দেশগুলির বিমান বাহিনীগুলোর মধ্যে কর্মক্ষমতা-বিষয়ক সহযোগিতা এবং পারস্পরিক সমন্বয় জোরদার করা।

ভারতীয় বিমান বাহিনীর পাশাপাশি সাতটি মিত্র রাষ্ট্র — অস্ট্রেলিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র, সংযুক্ত আরব আমিরশাহী, ফ্রান্স, জার্মানি, শ্রীলঙ্কা ও বাংলাদেশ—এতে অংশ নিচ্ছে। এছাড়া আরও কয়েকটি দেশ পর্যবেক্ষক হিসেবে এতে যোগ দিয়েছে। এই মহড়ায় এফ-৩৫ লাইটনিং ২ রাফাল, এফ-১৬, A400M এবং KC-30A-এর মতো বিভিন্ন ধরনের অত্যাধুনিক যুদ্ধবিমান ও বিমান অংশ নিয়েছে।

পরমাণু হামলার ভয় দেখিয়ে ভারতকে দমিয়ে রাখা যাবে না বলে পাকিস্তানকে সতর্ক করে দিয়েছে নতুন দিল্লী। সরকার বলেছে, যেকোনও সন্ত্রাসবাদী হামলার উপযুক্ত জবাব দেওয়া হবে। রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদে নিরস্ত্রীকরণ বিষয়ক প্রথম কমিটির বৈঠকে ভারতের স্থায়ী মিশনের সিনিয়র উপদেষ্টা অনমোল শের বেদি বলেন, সন্ত্রাসবাদে মদতদাতা এবং জঙ্গি হামলার মূল চক্রান্তকারীদের মধ্যে কোনও পার্থক্য করবে না ভারত।

গত বছর পহেলগাঁওয়ে ২৬ জন সাধারণ নাগরিকের ওপর প্রাণঘাতী সন্ত্রাসবাদী হামলার পর অপারেশন সিন্দুরের প্রসঙ্গ উল্লেখ করে শ্রী বেদি বলেন, উত্তেজনা বৃদ্ধি এড়িয়ে আত্মরক্ষার স্বার্থে ভারত সেসময় সংযত ও সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করেছিল। পরমাণু অস্ত্রকে রাষ্ট্রের নিয়মিত নীতির হাতিয়ার হিসেবে ব্যবহার করা উচিত নয় বলেও মন্তব্য করেন তিনি।

কিশোরীদের স্বাস্থ্য, পুষ্টি এবং সার্বিক উন্নতির ওপর বিশেষ জোর দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গতকাল নতুন দিল্লিতে নারী ও শিশু বিকাশ মন্ত্রকের দু'দিনের জাতীয় সম্মেলনের সমাপ্তি অধিবেশনে বক্তব্য রাখার সময় তিনি এই কথা বলেন। প্রধানমন্ত্রী 'জন ভাগীদারি' বা জনগণের অংশগ্রহণের গুরুত্বের ওপর জোর দিয়ে, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিকে সামাজিক অংশগ্রহণের কেন্দ্র হিসেবে গড়ে তোলার আহ্বান জানান।

নারীদের নিরাপত্তার প্রসঙ্গে প্রধানমন্ত্রী শিশুদের জন্য বয়স উপযোগী সচেতনতামূলক পাঠ্যসূচি তৈরির পরামর্শ দেন। পাশাপাশি, বিভিন্ন সরকারি দপ্তরের মধ্যে সমন্বয় রেখে প্রতিরোধমূলক পদক্ষেপ নেওয়ার ওপর জোর দেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল চেন্নাইয়ে একটি মেট্রোরেল প্রকল্পের উদ্বোধন সহ একগুচ্ছ কর্মসূচীতে যোগ দেবেন। তিনি চেন্নাই মেট্রোর পুনামালি থেকে বড়াপালানি শাখার উদ্বোধন করবেন। পাশাপাশি ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে পালানি, পারামাকুড়ি, নামাক্কাল, অম্বাসমুদ্রম এবং ভেলোর ক্যান্টনমেন্ট অমৃত ভারত স্টেশনের উদ্বোধন করবেন শ্রী মোদী। এছাড়াও কোয়েম্বাটোরের ৭০০ কোটি টাকার একগুচ্ছ রেল প্রকল্পের উদ্বোধন করবেন তিনি।

পুনামালিতে প্রধানমন্ত্রী একটি রোডশো-এ অংশ নেবেন। এছাড়াও রাজ্যসভার সাংসদ, সঙ্গীত বিশেষজ্ঞ ইলিয়ারাজার একটি সঙ্গীত গবেষণা কেন্দ্রের উদ্বোধনও করবেন তিনি।

আজ মহালয়া। অবসান হয়েছে পিতৃপক্ষের। বাণীকুমার রচিত পঞ্চজকুমার মল্লিকের সঙ্গীত পরিচালনায় বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের গ্রন্থনা ও স্তোত্র পাঠে আকাশবাণী কলকাতার ঐতিহ্যবাহী প্রভাতী অনুষ্ঠান মহিষাসুরমর্দিনী আজও চিরন্তন আবেগ ও বাঙালী সংস্কৃতিকে এগিয়ে নিয়ে চলেছে।

পশ্চিমবঙ্গের গঙ্গা, দামোদর, তিস্তা, আসামের বরাক, কুশিয়ারা, কাটখাল, ত্রিপুরার হাওড়া, গোমতী নদী সহ বিভিন্ন রাজ্যের নদ নদী ও জলাশয়ে ভোর থেকেই চলছে তর্পণ। এই উপলক্ষে সর্বত্র প্রশাসন প্রয়োজনীয় নিরাপত্তার বন্দোবস্ত করেছে। মোতামেন রয়েছে বিপর্যয় মোকাবিলা বাহিনী। মহালয়া উপলক্ষে ত্রিপুরা ও আসামে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

আন্দামানে বঙ্গোপসাগরের তীরে বহু মানুষ তর্পণের জন্য ভিড় জমিয়েছে।

দুর্গোৎসব উপলক্ষে বিকেলে কলকাতার ইডেন গার্ডেন্সে আজ এক বিরাট অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহালয়ার দিন এক্স হ্যান্ডেলের এক বার্তায় সমাজকে সুখ, সহমর্মিতা এবং আশায় পূর্ণ করে তুলতে মাদুর্গার আশীর্বাদ প্রার্থনা করেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আমিত শাহও মহালয়া উপলক্ষে সবাইকে শুভেচ্ছা জানিয়েছে।

বাংলাদেশেও সংখ্যালঘু হিন্দু সম্প্রদায় মহালয়া উপলক্ষে ঢাকেশ্বরী মন্দির এবং রমনা কালিমন্দির সহ বিভিন্ন মন্দিরে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে। বাংলাদেশে নিযুক্ত ভারতের হাই কমিশনার দীনেশ ত্রিবেদী ঢাকেশ্বরী মন্দিরের অনুষ্ঠানে যোগ দেন।

মার্কিন যুক্তরাষ্ট্র ২০২৭ সালের ৭ই এপ্রিল পর্যন্ত রুশ ডিজেল ক্রয় ও আমদানির ওপর থেকে সাময়িকভাবে নিষেধাজ্ঞা তুলে নিয়েছে। মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প এবং রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের মধ্যে আলোচনার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়। গত রাতে মার্কিন অর্থ দফতর জানায়, রাশিয়ার ডিজেল বিক্রি, পরিবহন ও আমদানির সঙ্গে যুক্ত লেনদেনের ক্ষেত্রে এই ছাড় দেওয়া হয়েছে। বিশ্বজুড়ে জ্বালানি সরবরাহে টান পড়ার কারণে ডিজেলের দাম দ্রুত বাড়ছিল। হোয়াইট হাউসের বাইরে সাংবাদিকদের ট্রাম্প জানান, রাশিয়া দ্রুত ৩ লাখ টনের বেশি ডিজেল সরবরাহ করবে। এরপর নভেম্বরে আরও ৫ লাখ টন এবং পরবর্তীতে অন্তত ১০ লাখ টন ডিজেল পাঠাবে।

অন্যদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সতর্ক করে বলেছেন, স্থায়ী চুক্তি ছাড়া রাশিয়ার ওপর থেকে নিষেধাজ্ঞা তুললে তা যুদ্ধকে আরও দীর্ঘায়িত করবে। তিনি রাশিয়ার ওপর নিষেধাজ্ঞা এবং সামরিক চাপ আরও বাড়ানোর দাবি জানান।

বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলির সঙ্গে সাক্ষাৎ করেছেন। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শুভেচ্ছা বার্তা ইথিওপিয়ার প্রধানমন্ত্রীর কাছে পৌঁছে দেন। ডঃ জয়শঙ্কর জানান, ভারত ও ইথিওপিয়ার সম্পর্ক সাম্প্রতিক কালে আরও মজবুত হয়েছে। পরে এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিদেশ মন্ত্রী বলেন, উন্নয়নশীল দেশগুলোর সমস্যার কথা আন্তর্জাতিক মঞ্চে আরও জোরালোভাবে তুলে ধরতে, ভারত ও আফ্রিকার একত্রে কাজ করা উচিত। তিনি আরও বলেন, জ্বালানি, খাদ্য, সার এবং টাকার সমস্যা এই চার সংকট ছাড়াও করোনা অতিমারি ও বিভিন্ন যুদ্ধের কারণে উন্নয়নশীল দেশগুলির উন্নতি থমকে গেছে। ডঃ জয়শঙ্কর বলেন, বিশ্বব্যবস্থায় সংস্কার দরকার, যাতে ভারত ও আফ্রিকা নিজেদের মতামত স্পষ্টভাবে জানাতে পারে।

পুরুষদের ক্রিকেটে, পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের তৃতীয় ম্যাচে আগামীকাল ইন্দোরের হোলকার স্টেডিয়ামে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে ভারত। ম্যাচ শুরু হবে সন্ধ্যে সাতটায়। রাঁচিতে দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচে গতকাল ওয়েস্ট ইন্ডিজ ছয় উইকেটে ভারতকে হারিয়ে দেয়। এর ফলে সিরিজে এখন এক-এক ব্যবধানে সমতা রয়েছে। প্রথমে ব্যাট করে ভারত পাঁচ উইকেটে ২৪৯ রান তোলে। জবাবে শাই হোপের ৪৫ বলে ১০২ এবং শেরফেন রাদারফোর্ডের ৩৭ বলে ৮৪ রানের দুরন্ত ইনিংসে এক ওভারেরও বেশি বাকি থাকতে জয় তুলে নেয় ওয়েস্ট ইন্ডিজ। ম্যাচের সেরা নির্বাচিত হন শাই হোপ।
